স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম

হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেন্ট **"আইওলিন"**

চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ

বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।



Registered No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

## সাপ্তাহিক সংবাদ-পত্র


**বহরমপুর এক্সরে ক্লিনিক**

ঘল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৫০শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২১শে শ্রাবণ বুধবার ১৩৭০ ইংরাজী 7th Aug. 1963 { ১১শ সংখ্যা






রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই. অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ময়লা ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা কষ্টহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



খাস জনতা

কেরোসিন কুকার

দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ



*জঙ্গিপুর সংবাদ* সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ, অগ্রিম দেয় নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)



হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২১শে শ্রাবণ বুধবার সন ১৩৭০ সাল।

# রাজনৈতিক ত্যাগী মহাত্মা মহাপুরুষ সাধু হইতে সাবধান

—○—

পরাধীন ভারতকে শৃঙ্খলমুক্ত করিতে যে সব দেশ-নেতা ত্যাগী নাম পাইয়া নিজেদের স্বার্থত্যাগ করিয়া গিয়াছেন তাঁহাদের প্রতি অকৃত্রিম ভক্তি দেখাইয়া যে সব ছা-পোষা মানুষ তাঁহাদের বক্তৃতার চোটে শিষ্যত্ব গ্রহণ করিয়া 'উঠ্' বলিতে উঠিয়াছেন 'বস্' বলিতে বসিয়াছেন তাঁহাদের নির্দ্দিষ্ট পথে চলিয়া পূর্ব্বপুরুষের সঞ্চিত অর্থ শেষ কপর্দ্দক পর্য্যন্ত ব্যয় করিয়া ভাবী বংশধরগণকে দারিদ্র্য ভোগ করিবার জন্য দুঃখের মুখে ঠেলিয়া দিয়াছেন, তাঁহাদের পুত্র পৌত্রেরা বুঝিতে পারিতেছেন রাজনৈতিক সাধুদের উপদেশ কত মারাত্মক।

দেশ স্বাধীন হওয়ার পর নেতা বেশধারী অভিনেতার দল যে অভিনয় সুরু করিয়াছেন তাহাও কম সাংঘাতিক নয়। কৌপীনধারী ছাইমাখা সাধুরা ভারতের প্রধান মন্ত্রী জহরলালজীর মতে যেমন মোটেই ত্যাগী নয়, ভক্ত ঠকাইয়া ঘীউ-আটা সংগ্রহ করিয়া নিত্য ভোজন চালায়, তেমনি রাজনৈতিক সাধুরাও ভক্তদের কাছে ভোট লইয়া গদীতে বসিয়া টাকা লইয়া ছিনিমিনি খেলিতেছেন। ইংরাজ রাজত্বে যাঁরা মন্ত্রীদের শৈল বিহারের ব্যয় সম্বন্ধে কত বিরুদ্ধ সমালোচনা করিয়াছেন তাঁহারাই মন্ত্রিত্ব ও উপমন্ত্রিত্ব লাভ করিয়া অন্নের কাঙাল বস্ত্রের কাঙাল জনসাধারণকে দেখাইয়া দেখাইয়া শৈল বিহারের বিলাসিতা দ্বারা অতিমানবত্ব ও মহামানবত্ব প্রদর্শন করাইতেছেন। আঠার বিশ বৎসর আগে যে কাজ দোষের ছিল, আজ তাহা অবশ্য কর্ত্তব্যে পরিণত হইতে দেখিয়া সাধুদের বলিতে ইচ্ছা করে—

"নিজেদের যা লীলা খেলা
পাপ ছিল তা অন্যের বেলা।"

একমাত্র পশ্চিম বঙ্গের সাধু বাবা এই ১৬ বৎসরে দেশের "মঙ্গলকে লিয়ে" ১০০ কোটি টাকা ধার করা ছাড়া সাধারণ রাজস্ব হইতে ৩০০ কোটি টাকা খরচ করিয়াছেন। দেশবাসীর এই টাকার মত কি উন্নতি ও সুখ-সুবিধা হইয়াছে সে হিসাব নিকাশ দিতে হইলে ঠোঁট চাটা ছাড়া কোন সদুত্তর নাই। তবুও বড় মুখ করিয়া জোর গলায় বলিবার স্পর্দ্ধা দেখিয়াছি— যে হিসাব নিকাশ দিব "ব্যালট বক্সে"। সাধু বাবার ভক্তের সংখ্যা এতো বেশী যে ভোট "ব্যালট বক্সে" ধরে না এত ভোট পাবেন।

"জেয়াদা ভোট মিল্ জানেসে
বুডঢা হোয় জোয়ান,
অন্ধেকো আঁখ মিলে
ঔর বন্ধেকো সন্তান!"

এই সাধু বাবার যারা বিরোধী ছিল, পরে তাহারা উহার ভক্তগণের মালসা ভোগের মাত্রা দেখিয়া বাবাজীর শ্রীচরণে আত্মসমর্পণ করিয়া ব্রজের শ্রীমতীর মত বলিতে সুরু করিয়াছিল—

"তুঁহারী গরবে গরবিনী হাম
রূপসী তুঁহারী রূপে।"

---

## হোমিওপ্যাথিক নন্-রেজিষ্টার্ড চিকিৎসকগণের রেজিষ্ট্রেশন

প্রকাশ, পশ্চিমবঙ্গ সরকার নন্-রেজিষ্টার্ড হোমিওপ্যাথিক চিকিৎসকগণের রেজিষ্ট্রেশনের বিষয়টি বিশেষ সহানুভূতির সহিত বিবেচনা করিতেছেন। হোমিওপ্যাথিক চিকিৎসা ও শিক্ষণ পদ্ধতিকে একটি সুষ্ঠু বৈজ্ঞানিক ভিত্তির উপর প্রতিষ্ঠা করিয়া রাজ্য সরকার হোমিওপ্যাথিক চিকিৎসাকে উপযুক্ত মর্য্যাদা দান করিতে সচেষ্ট হইয়াছেন। এই প্রসঙ্গে হোমিওপ্যাথিক চিকিৎসকগণের ইউনিয়নের সম্পাদক শ্রীসত্যপ্রিয় ঘোষ এক বিবৃতিতে হোমিওপ্যাথিক রেজিষ্ট্রেশনের বিষয়ে বিশেষ আশা প্রকাশ করিয়াছেন।

শ্রীঘোষ জানাইয়াছেন, তাঁহার ইউনিয়নকে গত ১৯এ এপ্রিল ১৯৬৩, রেজিষ্ট্রার, 'জেনারেল কাউন্সিল এণ্ড ষ্টেট ফ্যাকাল্‌টি অব হোমিওপ্যাথিক মেডিসিন পশ্চিমবঙ্গ' এক পত্রে ইউনিয়নের সমস্ত হোমিওপ্যাথিক চিকিৎসক সভ্যগণের নাম ও পূর্ণ বিবরণ ফ্যাকাল্‌টির বিবেচনার জন্য পাঠাইতে অনুরোধ করিয়াছেন। সেইজন্য এই ইউনিয়ন পশ্চিমবঙ্গের সমস্ত শ্রেণীর নন্-রেজিষ্টার্ড হোমিওপ্যাথিক চিকিৎসকগণের বিবরণ সংগ্রহ করিতেছেন। শ্রীঘোষ এই বিষয়ে সাফল্যের জন্য সকল শ্রেণীর হোমিও চিকিৎসকগণকে "দি বেঙ্গল মেডিক্যাল ইউনিয়ন" (সরকারী অনুমোদিত) এর কার্যালয় ৪৮-বি, শাঁখারীটোলা ষ্ট্রীট, কলিকাতা-১৪, ফোন নং ২৪-৩৫৩৬ এবং ২৪-১৬৫৭, ঠিকানায় যোগাযোগ করিতে অনুরোধ করিয়াছেন।

---

## ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ

রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত প্রবীণ শিক্ষক শ্রীপূর্ণচন্দ্র সাহা মহাশয়ের কনিষ্ঠ পুত্র শ্রীমান্ কমলকুমার এবার শিবপুর ইঞ্জিনিয়ারিং কলেজ হইতে মাইনিং ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে। আমরা শ্রীমানের সাফল্যে বিশেষ আনন্দিত হইয়াছি। শ্রীমান্ কমল ফুটবল খেলাতেও পারদর্শী। শ্রীমানের উত্তরোত্তর উন্নতি কামনা করি।

---

## বাঙ্গালী বালিকার কৃতিত্ব

রঘুনাথগঞ্জের অনতিদূরবর্ত্তী জরুর গ্রামের বিখ্যাত রায়-পরিবারের শ্রীগিরিজাভূষণ রায় মহাশয়ের পৌত্রী ও লক্ষ্ণৌ মিলিটারী হাসপাতালের ডাক্তার লেফ্‌টন্যান্ট কর্ণেল অজিতকুমার রায়, এ. এম. সি. এর কন্যা কুমারী মিতা রায় (১৪) সিনিয়র কেম্‌ব্রিজ পরীক্ষায় সমগ্র উত্তর প্রদেশে মেয়েদের মধ্যে প্রথম স্থান অধিকার করিয়া 'স্কলারশিপ' পাইয়াছে। কুমারী মিতার সাফল্যের জন্য আমরা বিশেষ গর্ব্ব অনুভব করিতেছি।

---

## প্রচার বিভাগের মোটর দুর্ঘটনা

গত ২৫শে জুলাই জেলা প্রচারাধিকারিক শ্রীনদীয়ালাল গোস্বামী, কয়েকজন সহকর্মী ও রাজ্যের মুখ্য গ্রামীন প্রচারাধিকারিক শ্রীগুণেন্দ্র বন্দ্যোপাধ্যায় সহ জঙ্গিপুর হইতে প্রত্যাবর্ত্তনকালে বিপরীত দিক হইতে আগত একটি মোটর ট্রাকের সহিত সংঘর্ষে গুরুতর মোটর দুর্ঘটনায় পড়েন। তাঁহারা নিরাপদে ফিরিয়া আসিলেও তাঁহাদের প্রচার বিভাগের মোটর ভ্যানটি ক্ষতিগ্রস্ত হয়। ট্রাক চালককে গ্রেপ্তার করা হইয়াছে।

---

## পদ্মাগর্ভে ভাবকী গ্রাম

রঘুনাথগঞ্জ থানার দয়ারামপুর ইউনিয়নের ভাবকী গ্রাম পদ্মাগর্ভে বিলীন হইয়াছে। উক্ত গ্রামের সঙ্গতিপন্ন গৃহস্থ শ্রীহেমেন্দ্রনারায়ণ চৌবে, শ্রীভূপেন্দ্রনারায়ণ চৌবে ও শ্রীযদুনাথ সাহা প্রভৃতির পোক্তা বাড়ী, বাগান ও জোতজমা পদ্মার ভাঙ্গনে ভাঙ্গিয়া গিয়াছে। বর্ত্তমানে উক্ত গৃহস্থগণ বিপন্ন হইয়া কিংকর্ত্তব্যবিমূঢ় হইয়াছেন।

---

## পাতিলের মধু-রসবাণী

বোম্বাইএর এক সাম্প্রতিক ভাষণে শ্রীপাতিল খাদ্যের দুর্ম্মূল্যতা সম্পর্কে যে আত্মতুষ্টির মনোভাব দেখাইয়াছেন তাহা অনেকের কাছেই অদ্ভূত ঠেকিবে। তিনি বলিয়াছেন, বর্ত্তমানে খাদ্যশস্যের মূল্য বাড়িয়া চলিয়াছে ইহা ঠিক, কিন্তু জনসাধারণ যদি আর দুইটি মাস কোনমতে ধৈর্য্য ধরিয়া থাকে, তবে তাহারা এই বিপদ কাটাইয়া উঠিতে পারিবে। দুই মাস পরে খাদ্যশস্যের নূতন ফসল বাজারে উঠিলে মূল্য স্বভাবতঃই কমিয়া আসিবে এবং দেশবাসীকে এত কষ্ট সহ্য করিতে হইবে না, ইহাই খাদ্যমন্ত্রীর বক্তব্যের নির্য্যাস।

মন্ত্রীত্ব গ্রহণের পর হইতে খাদ্য সমস্যা সমাধানের জন্য শ্রীপাতিল দৌড় ঝাঁপ কম করেন নাই। দেশবাসীকে আশা ভরসার বাণীও যথেষ্ট শুনাইয়াছেন। যে কোন সময়ে সঙ্কট উপস্থিত হইলে সরকার মজুত শস্য ভাণ্ডার হইতে সরবরাহ বৃদ্ধি করিবেন, এই প্রতিশ্রুতিও তাঁহার ঘোষণায় বার বার শুনা গিয়াছে। এখন কার্য্যকালে দেখিতেছি সংশ্লিষ্ট দপ্তরের শোচনীয় ব্যর্থতা।

---

## সরিষা-পড়ার মধ্যে ভূত

গত ৪ঠা আগষ্ট রবিবার জঙ্গিপুর রোড রেল ষ্টেশনে রেলওয়ে পুলিশ ট্রেণের মধ্যে সাত বাক্স মাল-সহ অরঙ্গাবাদ ল্যাণ্ড কাষ্টমসের জনৈক সব-ইন্সপেক্টরকে গ্রেপ্তার করিয়াছেন। আসামীকে মালসহ লালবাগ কোর্টে চালান দেওয়া হইয়াছে। এই ব্যক্তিই কিছুদিন পূর্ব্বে রঘুনাথগঞ্জে একজন গৃহস্থ বাড়ীতে সোনার ব্যাপারে খানাতল্লাস করিতে আসিয়া বাড়ীর মালিকের সঙ্গে অসদ্‌ব্যবহার করার জন্য উপরওয়ালা কর্ত্তৃক ভৎর্সিত হন। শোনা যাইতেছে বিভাগীয় কর্ম্মকর্ত্তারা ইঁহার জন্য তদ্বির আরম্ভ করিয়াছেন। এই সব চোরধরা চোরের হাত হইতে রক্ষা পাইবার উপায় কি ?

---

## উদ্ভট মিথ্যা

পুরুলিয়ায় অনশনে মৃত্যু সংবাদকে প্রফুল্ল সেন উদ্ভট মিথ্যা বলিয়া উড়াইয়া দিতে চেষ্টা করিয়াছেন। পুরুলিয়ার লোকসেবক সঙ্ঘ অনশনে মৃত ব্যক্তিদের নাম ঠিকানা সমস্ত প্রকাশ করিয়াছেন। উপযুক্ত তদন্ত করিলেই সংবাদের সত্যাসত্য যাচাই হইয়া যাইত। মুখ্যমন্ত্রী যদি সত্যই বিশ্বাস করেন যে অনশনে মৃত্যুর সংবাদ মিথ্যা তাহা হইলে উপযুক্ত তদন্তে তাঁর আপত্তির কোন কারণও থাকে না। সংবাদ যদি শুধু মিথ্যা নয়, উদ্ভট মিথ্যাই হইবে তবে একটি উপযুক্ত প্রকাশ্য তদন্তের আদেশ দিতে তাঁর বাধিতেছে কোথায়? সত্যকে মিথ্যা বলিয়া উড়াইয়া দেওয়া এত সহজ নয়, এতদিনে মুখ্যমন্ত্রীর অন্ততঃ এটুকু অভিজ্ঞতা হওয়া উচিত ছিল।

'যুগবাণী'

---

## ভেজাল তৈলে অর্থদণ্ড

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর খাদ্য-পরিদর্শক মহাশয়ের অভিযোগক্রমে জঙ্গিপুর ফৌজদারী আদালতের বিচারক মহোদয় ভেজাল সরিষার তৈল বিক্রয়ের অপরাধে জঙ্গিপুর নিবাসী শ্রীসুরেন্দ্র সরকারকে ১০০৲ এক শত টাকা অর্থদণ্ডে দণ্ডিত করিয়াছেন।

---

## দানপত্র খারিজ

২৯।৩।৬১ তারিখের ৩৪১২নং দলিল মূলে ফেলুরাণী দাসীকে যে দানপত্র করিয়াছিলাম তাহা গত ১।৮।৬৩ তারিখে ক্যানসেল করিয়াছি। কেহ উক্ত জমি ফেলুরাণী দাসীর নিকট ক্রয় করিবেন না।

শ্রীজ্যোতিসচন্দ্র মাল
সাং মোড়গ্রাম।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১৯শে আগষ্ট, ১৯৬৩

১৯৬২ সালের ডিক্রীজারী

৫০ অন্য ডিঃ দফরপুর ইউনিয়ন কো-অপারেটিভ এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটী লিমিটেড দেঃ উমাপদ দাস দিং দাবি ৩৫ টাকা ৭৪ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে চরকা ৪৮ শতকের কাত ৩৮৴০ আঃ ১৫০৲ খং ২১০ রায়ত স্থিতিবান স্বত্ব

১৯৬৩ সালের ডিক্রীজারী

১ মনি ডিঃ জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর কমিশনারগণ দেঃ গোবিন্দদাস নাথ মৃতান্তে ওয়ারীশ পুত্র শ্রীগোষ্ঠবিহারী নাথ দিং দাবি ১৫৯ টাকা ৪৫ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে রঘুনাথগঞ্জ ১-১২ শতকের কাত ১২৲ আঃ ১২০০৲ খং ২ রায়ত স্থিতিবান স্বত্ব

---

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ৯ই সেপ্টেম্বর, ১৯৬৩

১৯৬৩ সালের ডিক্রীজারী

১৩ মনি ডিঃ পশ্চিমবঙ্গ সরকার পক্ষে কালেক্টার অব মুর্শিদাবাদ দেঃ আফসার আলি সিদ্দীকি দিং দাবি ৮১৫ টাকা ২২ নঃ পঃ থানা সমসেরগঞ্জ মৌজে ধুসরীপাড়া ২৲ টাকা জমার সামিল ৪৭ শতক জমি আঃ ২০০৲ খং ৭৭৬ রায়ত স্থিতিবান স্বত্ব

১৪ মনি ডিঃ ঐ দেঃ ঐ দাবি ১০২ টাকা ৯৮ নঃ পঃ মৌজাদি ঐ ২৲ টাকা জমার সামিল ৯৪ শতক জমি আঃ ৬০০৲ খং ৭৭৬ ঐ স্বত্ব ২নং লাট মৌজাদি ঐ ২৲ টাকা জমার সামিল ৩৩ শতক জমি আঃ ২০০৲ খং ৫০৪ ঐ স্বত্ব ৩নং লাট মৌজাদি ঐ ১৲৬ টাকা জমার সামিল ৬৯ শতক জমি আঃ ৩০০৲ খং ৫০২ ঐ স্বত্ব ৪নং লাট মৌজাদি ঐ ৫৮ শতক জমি আঃ ২৪০৲ খং ১৪৮৪

১৬ মনি ডিঃ ঐ দেঃ ঐ দাবি ১৬২ টাকা ৮৮ নঃ পঃ মৌজাদি ঐ ২ টাকা জমার সামিল ৪৭ শতক জমি আঃ ৩০০৲ খং ৭৭৬ ঐ স্বত্ব

১৭ মনি ডিঃ ঐ দেঃ রব্বানী সেখ দিং দাবি ১৩৯ টাকা ৯৫ নঃ পঃ মৌজাদি ঐ ১৷৶১০ জমার সামিল ৩৫ শতক জমি আঃ ২০০৲ খং ৭৫৯ ঐ স্বত্ব



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও
সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্বদা সুলভ মুল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬





★আই, সি, আই পেইন্ট
★মেদিনীপুরের ভাল মাদুর
★যাবতীয় ঘানি, হলার ও ধান কলের পার্টস্
★ইমারতের যাবতীয় সরঞ্জাম।



বিক্রেতাঃ-

কুণ্ডু হার্ডওয়্যার ষ্টোর
খাগড়া মুর্শিদাবাদ



আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন**

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।